



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

13192

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576



নং- বামাশিবো/প্রশা/নাটোর-৫৯/ ১০৮৭

তারিখ : ০৮/১০/২০১৭খ্রিঃ

বিষয়: ম্যানেজিং কমিটি ভেঙ্গে দেয়া প্রসঙ্গে।

- সূত্রঃ
- ১) নং- বামাশিবো/প্রশা/নাটোর-৫৯/১০৬৪৭; তারিখ : ০৭/০৮/২০১৭খ্রিঃ
  - ২) স্মারক নং- ০৫.৪৩.৬৯১৫.০০৮.০০.০১৬.১৬-৫২৪; তারিখঃ ০৪/০৬/২০১৭খ্রিঃ
  - ৩) নং- বামাশিবো/প্রশা/নাটোর-৫৯/১০০৮৯; তারিখ : ২৭/০২/২০১৭খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, নাটোর জেলার বড়াইগ্রাম উপজেলাধীন মাড়িয়া মাহমুদিয়া ইসলামিয়া দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটি ভেঙ্গে দেওয়ার জন্য ছাত্র-ছাত্রীর অভিভাবক ও এলাকার হিতৈষী জনসাধারণের পক্ষে মোঃ বহির উদ্দিন প্রাং একখানা অভিযোগপত্র বোর্ডে দাখিল করেন। অভিযোগপত্রে বিধি মোতাবেক ১৮০ দিন পূর্বে টাকা জমা না দিয়ে দাতা সদস্য হয়ে জোড় পূর্বক সভাপতি হওয়া, ছেলে মেয়ে অধ্যয়নরত না থাকা সত্ত্বেও এমন ব্যক্তিকে অভিভাবক সদস্য বানানো, জাল স্বাক্ষর করে নমিনেশন ফরম পূরণ এবং গোপনে বিনা প্রতিদ্বন্দ্বিতায় ম্যানেজিং কমিটি গঠনসহ বিভিন্ন অনিয়মের বিষয়ে উল্লেখ করা হয়।


২) উপরিলিখিত অভিযোগসমূহের বিষয়ে সরজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন প্রেরণ করার জন্য সূত্রে উল্লিখিত ৩নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসার, বড়াইগ্রাম, নাটোরকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বড়াইগ্রাম, নাটোর এর মাধ্যমে তদন্ত পূর্বক সূত্রস্থ ২নং স্মারকে একটি প্রতিবেদন বোর্ডে প্রেরণ করেছেন। প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, মাদ্রাসার সুপার স্থানীয় প্রভাবশালীদের চাপে যথাযথ প্রক্রিয়া অনুসরণ না করে ম্যানেজিং কমিটি গঠন করেছেন এবং অভিযোগকারী মোঃ বহির উদ্দিন প্রাং এর আনীত অভিযোগ সত্য।

৩) মাদ্রাসা সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ (২০১২ সাল পর্যন্ত সংশোধিত) এর প্রবিধান-৩৮(১) এর ক্ষমতাবলে এ দপ্তর হতে নং-বামাশিবো/প্রশা/১০৮৫০/নথি নং-৫৯; তারিখঃ ২২/১২/২০১৬খ্রিঃ স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটি কেন ভেঙ্গে দেয়া হবে না মর্মে সূত্রে উল্লিখিত ১নং স্মারকে মাদ্রাসার সুপার এবং ম্যানেজিং কমিটিকে সভাপতি ও সদস্যগণকে কারণ দর্শানো হয়। উক্ত কারণ দর্শানো প্রেক্ষিতে সুপার ও সভাপতি যে জবাব দাখিল করেছেন, তা সন্তোষজনক নয়।

বর্ণিত অবস্থায় বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ (২০১২ সাল পর্যন্ত সংশোধিত) এর প্রবিধান-৩৮(১) এর ক্ষমতাবলে এ দপ্তর হতে নং-বামাশিবো/প্রশা/১০৮৫০/নথি নং-৫৯; তারিখঃ ২২/১২/২০১৬খ্রিঃ স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটি এতদ্বারা ভেঙ্গে দেয়া হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক.....(.....) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

  
05.10.17

প্রফেসর মোঃ মজিবুর রহমান

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ সুপার, মাড়িয়া মাহমুদিয়া ইসলামিয়া দাখিল মাদ্রাসা  
বড়াইগ্রাম, নাটোর।

নং- বামাশিবো/প্রশা/নাটোর-৫৯/

তারিখ : /১০/২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. উপজেলা নির্বাহী অফিসার, বড়াইগ্রাম, নাটোর।
২. জেলা শিক্ষা অফিসার, নাটোর।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বড়াইগ্রাম, নাটোর।
৪. সভাপতি/সদস্যবৃন্দ- ভেঙ্গে দেয়া ম্যানেজিং কমিটি, মাড়িয়া মাহমুদিয়া ইসলামিয়া দাখিল মাদ্রাসা, বড়াইগ্রাম, নাটোর।
৫. জনাব মোঃ বহির উদ্দিন প্রাং, বড়াইগ্রাম, নাটোর।
৬. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান  
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)  
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬৭৪৮৭৪